

**ঢাবি-এ পৃথিবীর একমাত্র প্রজাতি  
তালিগাছ-এর চারা রোপন কর্মসূচীর উদ্বোধন**

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবরিকালচার দফতরের উদ্যোগে আজ ২০ জুলাই ২০১০ মঙ্গলবার বিশ্ববিদ্যালয় উপাচার্য ভবন চত্বরে তালিগাছের চারা রোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। প্রাকৃতিক পরিবেশে জন্মানো পৃথিবীর একমাত্র প্রজাতি তালিগাছ সংরক্ষণের উদ্দেশ্যে এই কর্মসূচী গ্রহণ করা হয়। পরিবেশ ও বন প্রতিমন্ত্রী ড. হাছান মাহমুদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কর্মসূচীর উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মীজানুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় আরবরিকালচার দফতরের তত্ত্বাবধায়ক অধ্যাপক ড. সৈয়দ হাদিউজ্জামান, প্রধান বন সংরক্ষক মো: আব্দুল মুত্তালিব প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় বৃক্ষায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির সদস্য-সচিব ড. বিমল গুহ।

পরিবেশ ও বন প্রতিমন্ত্রী ড. হাছান মাহমুদ পরিবেশ বিষয়ে গণসচেতনতা সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জীববৈচিত্র্য সংরক্ষণে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, বাড়ি-ঘরের আনাচে-কানাচে স্বল্প পরিসরে হলেও সবাইকে গাছ লাগাতে হবে।

উল্লেখ্য, পৃথিবীর একমাত্র প্রজাতির তালিগাছটি প্রায় ৭০ বছর আগে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রো-উপাচার্য ভবন চত্বরে প্রাকৃতিক পরিবেশে জন্মেছিল। ফুল ফোটার পর এ গাছটি সম্প্রতি মারা যায়। ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগ ও আরবরিকালচার দফতর এই বিরল প্রজাতি গাছের বীজ সংরক্ষণ করে এবং তা থেকে চারা উৎপন্ন করে।

-----